



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪২১৫

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৩ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: অনুমোদিত ম্যানেজিং কমিটি বাতিলকরণ প্রসঙ্গে

- সূত্র: (১) বামাশিবো এর স্মারক নং-নং বামাশিবো/প্রশা/224211151341/56239/নথি নং -২৬; তারিখ: 27-02-2022 খ্রিঃ
(২) উনিঅ, মোরেলগঞ্জ, বাগেরহাট এর স্মারক নং-০৫.৪৪.০১৬০.০০০.১৬.০১১.২৩-৭৮৯; তারিখ: ০৫/০৯/২০২৩ খ্রি.
(৩) জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট এর স্মারক নং-০৫.৪৪.০১০০.০১৮.৫৬.০৬৩.২৩-৩৯৪; তারিখ: ১৭/০৯/২০২৩ খ্রি.
(৪) বামাশিবো এর স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪২১৪; তারিখ: ২১/০৯/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে বাগেরহাট জেলার মোরেলগঞ্জ উপজেলাধীন পোলহাট আলহাজ্ব আজহারীয়া দাখিল মাদ্রাসায় সূত্রোক্ত ১ নং স্মারকে ম্যানেজিং কমিটি অনুমোদন দেয়া হয়। উক্ত ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ মাহবুবুর রহমান হাওলাদার ও কতিপয় ম্যানেজিং কমিটির সদস্য কর্তৃক লাঞ্চিত হওয়ার প্রতিকার চেয়ে সুপার জনাব মোঃ আনোয়ার হোসেন উপজেলা নির্বাহী অফিসার, মোরেলগঞ্জ, বাগেরহাট বরাবর অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, মোরেলগঞ্জ, বাগেরহাট 05/09/2023 তারিখে ম্যানেজিং কমিটির সদস্য, প্রতিষ্ঠানের শিক্ষক ও ঘটনার সময়ে উপস্থিত কতিপয় প্রত্যক্ষদর্শীদের উপস্থিতিতে শুনানী করে ০২ নং স্মারকে প্রতিবেদন জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাটে দাখিল করেন। জেলা প্রশাসক, বাগেরহাট সূত্রোক্ত ০৩ স্মারকে তা অত্র বোর্ডে প্রেরণ করেন। দেখা যায়, প্রতিষ্ঠানের অফিস কক্ষে ম্যানেজিং কমিটির সভাপতি ও ম্যানেজিং কমিটির সদস্যদের উপস্থিতিতে সুপারকে শারীরিকভাবে আঘাত ও লাঞ্চিত করার ঘটনায় কমিটির সভাপতিসহ কতিপয় সদস্যদের ইক্কোন প্রমাণিত হয়। এই কমিটি দ্বারা প্রতিষ্ঠান পরিচালনার উপযুক্ততা আর না থাকায় বিদ্যমান কমিটি বিলুপ্তির জন্য তদন্তকারী কর্মকর্তা সুপারিশ করায় অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন বাতিল করা হবে না সূত্রোক্ত ৪ নং স্মারকে কারণ দর্শানো পত্র দেয়া হয়। ম্যানেজিং কমিটির সভাপতি কর্তৃক প্রেরিত কারণ দর্শানো পত্রের জবাবখানা সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়েছে।

বর্ণিত অবস্থায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ৩৮ এর প্রদত্ত ক্ষমতাবলে সূত্রোক্ত ১ নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি বাতিল করা হলো।

০৩-১০-২০২৩
মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি/সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, পোলহাট আলহাজ্ব আজহারীয়া দাখিল মাদ্রাসা, মোরেলগঞ্জ, বাগেরহাট এবং

২। সুপার/ভারপ্রাপ্ত সুপার, পোলেরহাট আলহাজ্ব আজহারীয়া দাখিল মাদ্রাসা, মোরেলগঞ্জ, বাগেরহাট।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪২১৫/১(৭)

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৩ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, বাগেরহাট;
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট;
- ৩। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোরেলগঞ্জ, বাগেরহাট;
- ৫। ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:,.....শাখা, মোরেলগঞ্জ, বাগেরহাট;
- ৬। পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এবং
- ৭। অফিস কপি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।





০৩-১০-২০২৩
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার